**Department of Education**
Chancellor Meisha Porter

28 ডিসেম্বর, 2021

প্রিয় পরিবারবর্গ,

আমরা আশা করছি আপনি ছুটির দিনগুলোতে বিশ্রাম করেছেন এবং প্রিয়জনদের সাথে সময় কাটাতে পেরেছেন। আমরা যখন আসন্ন নতুন বছরের দিকে দৃষ্টি দিচ্ছি, তখন আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার হলো আমাদের শিক্ষার্থী, পরিবার ও স্টাফদের অব্যাহত সুস্থতা ও নিরাপত্তা।
সকল শিক্ষার্থীর জন্য সূচি অনুযায়ী 3 জানুয়ারি স্কুল খুলবে। শিক্ষার্থী ও স্টাফদের সুস্থতা ও নিরাপত্তা নিশ্চিত করা এবং স্কুল অব্যাহতভাবে খোলা রাখার জন্য আমরা সুস্থতা ও নিরাপত্তার বাড়তি পদক্ষেপ গ্রহণ করছি।

আপনারা লক্ষ্য করবেন যে, এই চিঠি এসেছে বিদায়ী স্কুল চ্যান্সেলর মিশা পোর্টার (Meisha Porter) এবং নবাগত স্কুল চ্যান্সেলর ডেভিড সি ব্যাংকস্ (David C. Banks)-এর কাছ থেকে যৌথভাবে। ডিপার্টমেন্ট অভ এডুকেশনের নেতৃত্বে পরিবর্তন হচ্ছে, তবে একটি জিনিস অপরিবর্তিত থাকছে: আমাদের শিক্ষার্থীদেরকে দীর্ঘমেয়াদী সাফল্য অর্জনে সক্ষমতাদানকারী শ্রেষ্ঠ মানের শিক্ষা প্রদান করায় অবিচল প্রতিশ্রুতি।

সিটি এবং স্টেটের গণস্বাস্থ্য সহকর্মীদের সাথে যৌথভাবে এবং ফেডারেল ও বৈজ্ঞানিক নির্দেশনার ভিত্তিতে নিম্নলিখিত সর্বশেষ পরিবর্তন করা হয়েছে।

**3 জানুয়ারি ফিরে আসার আগে COVID-19 পরীক্ষা করা**

- সবার ফিরে আসার সাথে সাথে আমাদের স্কুল কমিউনিটিগুলোকে নিরাপদ রাখতে আমরা সকল শিক্ষার্থীকে, তারা ভ্যাকসিন গ্রহণ করেছেন কি না, সেটা বিবেচনা না করে, 3 জানুয়ারি স্কুলে ফিরে আসার তারিখের আগে একটি PCR, ল্যাব-ভিত্তিক র্যাপিড টেস্ট, কিংবা একটি হোম টেস্ট কিট দ্বারা COVID-19 টেস্ট (পরীক্ষা) করাতে *জোর সুপারিশ* করছি। বাড়িতে করার র্যাপিড টেস্ট আছে, তেমন টেস্টিং সাইটসহ সকল সাইটগুলোর একটি তালিকা পেতে হলে 212- COVID19 নম্বরে ফোন করুন, ওয়েবপেজ http://nyc.gov/covidtest দেখুন, কিংবা "COVID TEST" লিখে 855-48 নম্বরে টেক্সট করুন, অথবা নিকটস্থ টেস্ট সাইটের ঠিকানা পেতে 311 নম্বরে ফোন করুন। ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) অব্যাহতভাবে নতুন নতুন টেস্টিং সাইট চালু করছে, সুতরাং অনুগ্রহ করে সর্বশেষ অবস্থা জানতে বার বার খোঁজ নিন।
- তদুপরী. অনেক ফার্মেসি এবং ডাক্তারের অফিসে COVID-19 টেস্ট করার সুযোগ রয়েছে। অনুগ্রহ করে আপনি একটি টেস্ট-এর সময়সূচি ঠিক করতে পারেন কি না, সেটা জানতে আপনার শিশু চিকিৎসকের কাছে বা স্থানীয় ফার্মেসিতে খোঁজ নিন।

**হোম টেস্ট কিট**

- 3 জানুয়ারি থেকে শুরু করে **যেসব শিক্ষার্থী বা স্টাফদের মাঝে COVID-এর অনুরূপ লক্ষণ দেখা যাবে কিংবা যে ক্লাসের কারও সংক্রমণ নিশ্চিত হওয়া যাবে, তেমন ক্লাসের সবার মাঝে** স্কুলগুলো বিনামূল্যে বাড়িতে নিয়ে যাওয়ার জন্য র্যাপিড টেস্ট কিট বিতরণ করবে।
- যেসব শিক্ষার্থীর বাড়িতে নিয়ে যাওয়ার টেস্ট কিট আছে, তাদেরকে পাঁচ দিনের পরিসরে দুইবার (প্রতি কিট-এ দুইটি টেস্ট অন্তর্ভুক্ত থাকে) টেস্ট করতে হবে।
    - স্কুলে যেসব শিক্ষার্থীর COVID সংক্রমণের আশঙ্কা আছে, তাদেরকে একটি টেস্ট করতে হবে সেদিন বিকেলে এবং আবার পরবর্তি 5 দিনের দিন।

  - যদি 5 দিনের আগে কোনো শিক্ষার্থীর মাঝে COVID-এর লক্ষণ দেখা যায়, তাহলে আপনাকে অবলম্বে টেস্ট কিট ব্যবহার করতে হবে।
- বাড়িতে নিয়ে যাওয়া টেস্ট-এ কারও সংক্রমণ নিশ্চিত প্রমাণিত হলে তাকে অবিলম্বে সেটা স্কুলে জানাতে ও আলাদা অবস্থান শুরু করতে হবে। যে শিক্ষার্থীদের সংক্রমণ নিশ্চিত হবে, তাদেরকে অবশ্যই 10 দিন আলাদা থাকতে হবে এবং 11 দিনের দিন স্কুলে ফিরতে পারবে। স্কুলে ফিরতে তাদের নিগেটিভ (COVID-মুক্ত) টেস্ট-এর প্রয়োজন হবে না।
- স্মরণ রাখবেন, স্কুল ভবনে প্রবেশ করতে হলে সকল শিক্ষার্থী, স্টাফ এবং দর্শনার্থীদেরকে অবশ্যই DOE স্বাস্থ্য যাচাইকরণ উত্তীর্ণ হতে হবে। যেসব শিক্ষার্থী বাড়িতে পরীক্ষার জন্য র্যাপিড টেস্ট কিট গ্রহণ করেন, তাদের পরীক্ষার নিগেটিভ (সংক্রমণ হয়নি) ফল জানাবার জন্য স্বাস্থ্য যাচাইকরণে বাড়তি প্রশ্ন যোগ করা হতে পারে। এসব শিক্ষার্থীর স্কুলে প্রবেশের জন্য অপর কোনো নিগেটিভ ফল-এর প্রমাণ দেওয়া বাধ্যতামূলক নয়।

**নতুন কোয়ারেন্টাইন (আলাদা অবস্থান) নীতি**

আমাদের লক্ষ্য হলো এটা নিশ্চিত করা যে শিক্ষার্থীরা স্কুলে যতটুকু সম্ভব নিরাপদ আছে, এবং সে লক্ষ্য অর্জনে আমরা আমাদের নীতি হালনাগাদ করেছি। এর অর্থ হলো, যদি কোনো প্রমাণিত সংক্রমণের কেইস ক্লাসে পাওয়া যায়:

- যেসব শিক্ষার্থী এসব শিক্ষার্থীর ঘনিষ্ট সংস্পর্শে ছিল তাদেরকে আর কোয়ারেন্টাইন (আলাদা অবস্থান) করতে হবে না এবং তাদের মাঝে কোনো লক্ষণ দেখা না গেলে তারা স্কুলে যাওয়া অব্যাহত রাখতে পারবে এবং তাদেরকে একটি COVID সংক্রমণের ফলাফল দেখাতে হবে না।
- এর স্থলে, সে ক্লাসরুমের সকল শিক্ষার্থী ও প্রাপ্ত বয়স্করা একটি করে বাড়িতে নিয়ে যাওয়ার র্যাপিড টেস্ট কিট পাবে। কিটগুলোতে দুইটি টেস্ট থাকবে।
- যারা বাড়িতে নিয়ে যাওয়ার টেস্ট কিট পাবে, তাদেরকে পাঁচ দিনের পরিসরে দুটি পরীক্ষা করতে হবে।

**স্কুল-অভ্যন্তরে বর্ধিত নজরদারি পরীক্ষা**

আমাদের শিক্ষার্থী, পরিবার এবং স্টাফদের নিরাপত্তা অধিকতর নিশ্চিত করার জন্য স্কুল-অভ্যন্তরে বর্ধিত নজরদারি পরীক্ষা কর্মসূচি সম্প্রসারণ করা হচ্ছে যাতে প্রতিটি স্কুলে ভ্যাকসিন গ্রহণকারী ও না গ্রহণকারীসহ পরীক্ষা গ্রহণকারী ব্যক্তির সংখ্যা  গ্রেড 1 এবং উর্ধ্বতন গ্রেডে দ্বিগুণ করা হয়। নির্বিচারে স্কুল-অভ্যন্তরে বর্ধিত নজরদারি পরীক্ষা জনস্বাস্থ্য বিশেষজ্ঞদেরকে স্কুলগুলোতে বিরাজমান COVID-19 সংক্রান্ত অবস্থার একটি সঠিক চিত্র তুলে ধরবে। আমরা সকল পরিবার, তাদের সন্তান ভ্যাকসিন গ্রহণ করেছে কি না, সেটা বিবেচনা ছাড়া, উৎসাহিত করছি যাতে তারা NYC স্কুলস্ অ্যাকাউন্ট অথবা একটি সই করা কাগজ জমাদানের মাধ্যমে স্কুল-অভ্যন্তরে পরীক্ষা করায় সম্মতি প্রদান করেন। শিক্ষার্থীদের পরীক্ষা সংক্রান্ত বাড়তি তথ্য পাওয়া যাবে DOE-এর নিচের ওয়েবপে৭জ-এ:  https://www.schools.nyc.gov/school-life/health-and-wellness/covid-information/covid-19-testing-for-students

স্কুলগুলো খোলা ও কমিউনিটিকে নিরাপদ রাখার ক্ষেত্রে পরীক্ষা হলো একটি গুরুত্বপূর্ণ বিষয়। সম্মতি প্রদান করে ও আমাদের স্কুল-অভ্যন্তরে পরীক্ষায় অংশগ্রহণ করে সহায়তা দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ!

আমরা জানি যে আপনার সন্তানকে একটি স্বাস্থ্যসম্মত ও নিরাপদ পরিবেশে লেখাপড়া করতে স্কুলে দেওয়ার চাইতে আপনার কাছে অধিক গুরুত্বপূর্ণ কিছু নেই। আজ যে পরিবর্তনের ঘোষণা আমরা দিচ্ছি, তার লক্ষ্য হলো, শিক্ষার্থীদেরকে যতটুকু সম্ভব কম বিঘ্নের মুখোমুখী করে, তাদের নিরাপত্তার বিষয় আগে ও কেন্দ্রীয়ভাবে বিবেচনায় রেখে তাদেরকে আমাদের ক্লাসরুমে রাখা।

Department of Education
Chancellor Meisha Porter

অবস্থার পরিবর্তন হলে আমরা আপনাকে জানাবো এবং এসব পরিবর্তিত নীতি ও প্রক্রিয়া সম্পর্কে আপনার মতামত শুনবো। এই সময়ের মধ্যে, অনুগ্রহ করে আপনার অভিমত FACE@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করে জানাতে দ্বিধা করবেন না। আমাদের ছেলেমেয়েদের স্কুলে নিরাপদ রাখায় আমাদের সাথে অংশীদার হওয়ার জন্য আপনাকে অগ্রিম ধন্যবাদ।

অংশীদারিত্বে,

ম্যিশা পোর্টার (Meisha Porter)
নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর

ডেভিড সি ব্যাংকস্ (David C. Banks)
নবাগত নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যান্সেলর